# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪০০৭

২৭/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৮. রেশমী কাপড় পরিধানে নিশেধাজ্ঞা।

باب مَنْ كَرِهَهُ

আরবী

عَنْ أَبِي الْحُصَيْنِ، ـ يَعْنِي الْهَيْثَمَ بْنَ شَفِيٍّ ـ قَالَ خَرَجْتُ أَنَا وَصَاحِبٌ، لِي يُكْنَى أَبَا عَامِرٍ ـ رَجُلٌ مِنَ الْمَعَافِرِ ـ لِنُصَلِّيَ بِإِيلْيَاءَ وَكَانَ قَاصَّهُمْ رَجُلٌ مِنَ الأَزْدِ يُقَالُ لَهُ أَبُو رَيْحَانَةَ مِنَ الصَّحَابَةِ قَالَ أَبُو الْحُصَيْنِ فَسَبَقَنِي صَاحِبِي إِلَى الْمَسْجِدِ ثُمَّ رَدِفْتُهُ فَجَلَسْتُ إِلَى جَنْبِهِ فَسَأَلَنِي هَلْ أَدْرَكْتَ قَصَصَ أَبِي رَيْحَانَةَ قُلْتُ لاَ . قَالَ سَمِعْتُهُ يَقُولُ نَهَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَنْ عَشْرٍ عَنِ الْوَشْرِ وَالْوَشْمِ وَالنَّتْفِ وَعَنْ مُكَامَعَةِ الرَّجُلِ الرَّجُلَ بِغَيْرِ شِعَارٍ وَعَنْ مُكَامَعَةِ الْمَرْأَةِ الْمَرْأَةَ بِغَيْرِ شِعَارٍ وَأَنْ يَجْعَلَ الرَّجُلُ فِي أَسْفَلِ ثِيَابِهِ حَرِيرًا مِثْلَ الأَعَاجِمِ أَوْ يَجْعَلَ عَلَى مَنْكِبَيْهِ حَرِيرًا مِثْلَ الأَعَاجِمِ وَعَنِ النُّهْبَى وَرُكُوبِ النُّمُورِ وَلُبُوسِ الْخَاتَمِ إِلاَّ لِذِي سُلْطَانٍ .

বাংলা

৪০০৭. ইয়াযীদ ইবনে খালিদ (রহঃ) .... আবুল হুসায়ন হায়ছাম ইবনে শাকী (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি আমার সঙ্গীর সাথে, যার কুনিয়াত ছিল আবূ আমিত এবং সে ছিল মুআফির গোত্রের লোক, বায়তুল মুকাদ্দাসে সালাত আদায়ের উদ্দেশ্যে গমন করি। তখন আযদ গোত্রের আবূ রায়হারা (রাঃ) নামক এক সাহাবী সেখানকার ওয়ায-নসীহতকারী ছিল।

রাবী আবুল হুসায়ন (রহঃ) বলেন, আমার সাথী প্রথমে মসজিদে প্রবেশ করে, তারপর আমি করি এবং তার পাশে গিয়ে বসি। তখন তিনি জিজ্ঞাসা করেনঃ তুমি কি আবূ রায়হান (রাঃ) এর বক্তৃতা শুনেছ? আমি বলিঃ না। তখন তিনি বলেনঃ আমি তাকে বলতে শুনেছি যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দশটি কাজ করতে নিষেধ করেছেন। আর তা হলোঃ

১) দাঁত ধারালো করতে,

২) চামড়ার উপর সুচ দিয়ে খোদায় করতে,

৩) চুল উপড়াতে,

৪) দু’জন পুরুষের বিবস্ত্র অবস্থায় একই চাদরের নীচে শয়ন করতে,

৫) দু’জন স্ত্রীলোকের বিবস্ত্র অবস্থায় একই চাদরের নীচে শুতে,

৬) অনারবদের মত কোন ব্যক্তিকে নিজের কাপড়ের নিচে রেশম লাগাতে,

৭) আজমীদের মত কাঁধে রেশম লাগাতে,

৮) লুট-তরাজ করতে,

৯) হিংস্র জন্তুর চামড়ার উপর সওয়ার হতে এবং

১০) বাদশাহ ব্যতীত অন্যদের আংটি পরিধান করতে।

## English

Narrated Abul Husayn, that is al-Haytham ibn Shafi

I and a companion of mine called Abu 'Amir, a man from al-Ma'afir went to perform prayer in Bayt al-Maqdis (Jerusalem). Their preacher was a man of Azd called AbuRayhanah, who was a companion of the Prophet (ﷺ).

Abul Husayn said:
my companion went to the mosque before me. I went there after him and sat beside him. He asked me: Did you hear the preaching of AbuRayhanah? I said: No. He said: I heard him say: The Messenger of Allah (ﷺ) forbade ten things: Sharpening the ends of the teeth, tattooing, plucking hair, men sleeping together without an under garment, women sleeping together without an under-garment, men putting silk at the hem of their garments like the Persians, or putting silk on their shoulders like the Persians, plundering, riding on panther skins, wearing signet rings, except in the case of one in authority.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36113

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন